



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী  
ও

নির্বাচন অগ্রাধিকার  
অতীব জরুরি

রিটার্নিং অফিসারের কার্যালয়  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
[www.feni.gov.bd](http://www.feni.gov.bd)

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০২.০৯.০০১.২৪-১৬

তারিখঃ ২৬ বৈশাখ ১৪৩১  
০৬ মে ২০২৪

বিষয় : ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ (৪র্থ ধাপ) উপলক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচারণা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ফেনী জেলার ছাগলনাইয়া উপজেলায় আগামী ০৫ জুন ২০২৪ তারিখ ভোটগ্রহণের দিন ধার্য করে ইতোমধ্যে মাননীয় নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনি তফসিল ঘোষণা করা হয়েছে। সংযুক্ত বিজ্ঞপ্তি অনুযায়ী ২০ মে ২০২৪ প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের মধ্যে প্রতীক বরাদ্দ করা হবে।

০২। ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচারণা সংক্রান্ত বিধান নিয়ে উদ্ধৃত করা হলো-

৫। প্রচারণা সংক্রান্ত বিধান-(১) কোন প্রার্থী বা তাহার পক্ষে কোন রাজনৈতিক দল, অন্য কোন ব্যক্তি, সংস্থা বা প্রতিষ্ঠান উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা বিধিমালা ২০১৩ এর বিধি ২২ এর অধীন প্রতীক বরাদ্দের পূর্বে, জনসংযোগ এবং ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনী প্রচার ব্যতীত, অন্য কোন প্রকারের নির্বাচনি প্রচার শুরু করিতে পারিবে না।

৫(ক) ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচারণা। আইন, উপজেলা পরিষদ নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০১৩ এবং এই বিধিমালার বিধান প্রতিপালন সাপেক্ষে, কোন প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা অন্য কোন ব্যক্তি ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করিয়া নির্বাচনি প্রচার প্রচারণা পরিচালনা করিতে পারিবেন, তবে উক্ত ক্ষেত্রে প্রার্থী বা তাহার নির্বাচনি এজেন্ট বা উক্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমের নাম, একাউন্ট আইডি, ই-মেইল আইডিসহ অন্যান্য সনাক্তকরণ তথ্যাদি উক্তরূপে প্রচার প্রচারণা শুরুর পূর্বে রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।

(২) ডিজিটাল বা সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্বাচনি প্রচারণাকালে ব্যক্তিগত চরিত্র হনন করিয়া কোন বক্তব্য বা বিবৃতি, কোন ধরনের তিক্ত বা উসকানিমূলক বা মানহানিকর কিংবা লিঙ্গ, সাম্প্রদায়িকতা বা ধর্মানুভূতিতে আঘাত লাগে এইরূপ কোন বক্তব্য বা বিবৃতি প্রদান করা যাইবে না।

এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনা প্রতিপালনপূর্বক উল্লিখিত তথ্যসমূহ জরুরিভিত্তিতে অত্র কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো

  
(অভিযেক দাশ)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

ফোনঃ ০২৩৩৪৪-৭৫০০৫

ই-মেইল: [adcgfeni@gmail.com](mailto:adcgfeni@gmail.com)

তারিখঃ ২৬ বৈশাখ ১৪৩১  
০৬ মে ২০২৪

স্মারক নং- ০৫.২০.৩০০০.০০২.০৯.০০১.২৪-১৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

০৩। জেলা প্রশাসক, ফেনী ও আপিল কর্তৃপক্ষ

০৪। পুলিশ সুপার


০৫। জেলা নির্বাচন অফিসার, ফেনী

০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, ছাগলনাইয়া, ফেনী ও সহকারী রিটার্নিং কর্মকর্তা [বিষয়টি প্রার্থীদেরকে অবহিত করার অনুরোধসহ]

০৭। উপজেলা নির্বাচন অফিসার, ছাগলনাইয়া, ফেনী।

০৮। অফিসার ইনচার্জ, ছাগলনাইয়া, ফেনী।

০৯। অফিস কপি।

  
(অভিযেক দাশ)

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ফেনী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪